17

দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 DEC 1998
পৃষ্ঠা 12 কলাম 2






*যৌন নিপীড়ক শিক্ষকদের বিচারের দাবিতে ছাত্রীরা ভিসি কার্যালয়ের সামনে অবস্থান নেয়। পাশে কলাভবনের সামনে শিক্ষকদের মান ক্ষুণ্ণ করার চেষ্টার প্রতিবাদ জানাচ্ছে একদল ছাত্র* —জনকণ্ঠ

# ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ শিক্ষকদের যৌন নিপীড়নের বিরুদ্ধে আইন প্রণয়নসহ ছয়দফা দাবিতে বৃহস্পতিবার সাধারণ ছাত্রছাত্রীদের ব্যানারে একদল ছাত্রছাত্রী উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছে। এদিকে যৌন নিপীড়নের বিচারের নামে যারা 'শিক্ষকদের চরিত্র হরণ' করছে তাদের বিচারের দাবিতে আরেক দল সাধারণ ছাত্রছাত্রী উপাচার্যের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছে।

একদল 'সাধারণ ছাত্রছাত্রী' বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার যৌন হয়রানির বিরুদ্ধে আইন-প্রণয়ন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের জনৈক শিক্ষক সম্পর্কিত অভিযোগের রিপোর্ট ৩০ ডিসেম্বরের মধ্যে প্রকাশ, অভিযুক্ত শিক্ষক রুহুল আমিনকে পুনর্নিয়োগ না দেয়া ও আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের এ শিক্ষককে বহিষ্কারসহ ছয়দফা দাবিতে এই কর্মসূচী পালন করেছে। অন্যদিকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের চরিত্র হরণের প্রতিবাদ ও ক্যাম্পাসে শান্তি শৃঙ্খলা বিনষ্টকারীদের বিচারের দাবিতে আরেক দল সাধারণ ছাত্রছাত্রী মিছিল-সমাবেশ ও অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছে।

ক্যাম্পাসে বিভিন্ন মহলে গুঞ্জন চলছে—বর্তমানে মুখোমুখি এই দু'গ্রুপ ছাত্রছাত্রীদের কেউই কি আসলে সাধারণ ছাত্রছাত্রী।